

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.৩৯০.৯৪-৪৪৮

তারিখ: ১১/০৪/২০১৯ খ্রি:।


বিষয়: মরহম মোঃ মীর হোসেন ভূঁইয়া, প্রাক্তন ক্রেডিট সুপারভাইজার-এর লাম্পগ্রান্ট মঞ্জুরী।

সূত্র: ৩৪.০১.১৯০০.০০০.১৩.৩৪৪.১০-১৯০, তারিখ: ২০-০৩-২০১৯ খ্রি:।

যুব উন্নয়ন অধিদপ্তরাধীন কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলা কার্যালয়ের প্রাক্তন ক্রেডিট সুপারভাইজার মরহম মোঃ মীর হোসেন ভূঁইয়া-এর লাম্পগ্রান্ট মঞ্জুরীর নিমিত্ত চাহিত কাগজপত্র সূত্রোক্ত পত্র মারফত পাওয়া যায়। প্রাপ্ত কাগজপত্রাদি পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, তিনি এ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “পল্লী প্রশিক্ষণ প্রকল্প (থারডেপ-৩য় পর্ব)” শীর্ষক প্রকল্পের চাকুরিতে ২৪-০৪-১৯৯৩ খ্রি: তারিখে যোগদান করেন। মরহমের উন্নয়ন প্রকল্পে যোগদানের তারিখ হতে চাকুরিকাল গণনা করে ০৮(আট) বছর পূর্তিতে ২৪-০৪-২০০১ খ্রি: তারিখে ১ম, ১২(বার) বছর পূর্তিতে ২৪-০৪-২০০৫ খ্রি: তারিখে ২য় ও ২৪-০৪-২০০৮ খ্রি: তারিখে ৩য় টাইমস্কেলে বেতন নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য, মরহমের চাকুরি ০১-০৭-১৯৯৯ খ্রি: তারিখ হতে রাজস্বখাতে স্থানান্তরিত হয়। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৫-১২-২০০৯ খ্রি: তারিখের অম/অবি(বাস্ত-৪)/বিধি-২০/(উঃস্কেল)/২০০৭-৯১ সংখ্যক আদেশ অনুযায়ী শুধুমাত্র রাজস্বখাতের চাকুরিকাল গণনা করে টাইমস্কেল প্রদেয়।

২। এমতাবস্থায়, মরহম মোঃ মীর হোসেন ভূঁইয়া-এর লাম্পগ্রান্ট মঞ্জুরীর সুবিধার্থে চাকুরি রাজস্বখাতে স্থানান্তরের তারিখ ০১-০৭-১৯৯৯ খ্রি: হতে চাকুরিকাল গণনা করে মঞ্জুরীকৃত টাইমস্কেলে মূল বেতন পুনঃনির্ধারণ করে লাম্পগ্রান্ট মঞ্জুরীর প্রয়োজনীয় কাগজপত্র(এলপিসিসহ) পুনরায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: অর্থ মন্ত্রণালয়ের ৯১ সংখ্যক আদেশ।


(আ, ন, আহম্মদ/আলী)
যুগ্ম-সচিব
পরিচালক(প্রশাসন ও অর্থ)
ফোন: ৯৫৫০৮৬৩।

উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
কুমিল্লা।

অনুলিপি:

- ১। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কুমিল্লা।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
- ৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, আদর্শ সদর, কুমিল্লা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।